রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, আগস্ট ২৭, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ভূমি মন্ত্রণালয়**

**সায়রাত অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ ভাদ্র ১৪২৪/১৭ আগস্ট ২০১৭

**নং ৩১.০০.০০০০.০৫০.৬৮.০৪৭.১৬-৪৫১**—উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্ধ্বে জলমহাল ৬(ছয়) বৎসর মেয়াদে ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calendar Year) মধ্যে নিষ্পন্ন করা, সরকারের রাজস্ব আয় বৃদ্ধি এবং মামলা মোকদ্দমা হ্রাসসহ বিভিন্ন প্রতিকুলতা পরিহারের নিমিত্ত ইজারা কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| (১) | ৩০ আশ্বিনের মধ্যে | জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারার আবেদন আহ্বান। |
| (২) | ৩০ কার্তিকের মধ্যে | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ভূমি মন্ত্রণালয়ে আবেদন/দরপত্র দাখিল। |
| (৩) | ২০ অগ্রহায়ণের মধ্যে | যুগ্ম-সচিবের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি কর্তৃক আবেদন যাচাই বাছাই সম্পন্ন করণ। |
| (৪) | ১০ পৌষের মধ্যে | জেলা প্রশাসকদের নিকট প্রতিবেদন চেয়ে অনুরোধ পত্র প্রেরণ। |
| (৫) | ১০ মাঘের মধ্যে | জেলা প্রশাসকগণ কর্তৃক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ। |
| (৬) | ১০ ফাল্গুনের মধ্যে | মন্ত্রণালয় কর্তৃক সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠান। |
| (৭) | ৩০ ফাল্গুনের মধ্যে | জলমহালের ইজারাদেশ/সিদ্ধান্ত জেলা প্রশাসকদের নিকট প্রেরণ। |
| (৮) | ৩০ চৈত্রের মধ্যে | সরকারি পাওনাদি বুঝে নিয়ে অনুমোদিত ইজারাদারদের সাথে চুক্তি সম্পাদন ও দখল হস্তান্তর করণ। |



**মূল্য ঃ** টাকা ৪.০০

২। এমতাবস্থায়, উপরে বর্ণিত সিডিউল অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্ধ্বে জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**ড. মুজিবুর রহমান হাওলাদার**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd